৪।৫

দৈনিক সংবাদ

তারিখ 25 NOV 1986
পৃষ্ঠা 5 কলাম 6

029

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# গোলাপগঞ্জ উপজেলায় শিক্ষা ও চিকিৎসা ক্ষেত্রে সংকট

সিলেট, ২৬শে অক্টোবর (জেলা বার্তা পরিবেশক)।-সিলেটের গোলাপগঞ্জ উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও পরিবার পরিকল্পনা বিভাগে বিস্তর সংকট ও সমস্যা বিরাজমান। ফলে এসব বিভাগের কাজকর্ম বিঘ্নিত হচ্ছে।

গোলাপগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১শ'৪৫। এর মধ্যে ১শ' ৩৫টি সরকারী ও ১০টি বেসরকারী। এসব বিদ্যালয়ে বর্তমানে প্রায় ৫৫ হাজার ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে। এই হিসেবে এখানে সব মিলিয়ে কমপক্ষে ১ হাজার ৩শ' ৭৫ জন শিক্ষক থাকার কথা। অথচ সর্বসাকুল্যে শিক্ষকপদ আছে মাত্র ৫শ' ৬২টি। এর মাঝে আবার প্রধান শিক্ষকের ১৭টি ও সহকারী শিক্ষকের ৩৭টি অর্থাৎ ৫৪টি শিক্ষক পদ দীর্ঘদিন যাবৎ শূন্য। বিদ্যালয়গুলোতে আসবাবপত্রের সংকট খুব তীব্র। বেশীর ভাগ বিদ্যালয়ে প্রয়োজনীয় ভবন নেই। যেগুলো আছে সেগুলো ব্যবহারের অনুপযোগী। দরজা-জানালা ভাঙ্গা ছাদ চুইয়ে পানি পড়ে। উপজেলা শিক্ষা দপ্তরে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তার ২টি এবং উচ্চমান সহকারীর ১টি পদ অনেকদিন ধরে খালি। উপজেলা শিক্ষা কর্মকর্তাকে একই সাথে সিলেট সদর ও বিশ্বনাথ উপজেলার দায়িত্ব পালন করতে হচ্ছে। শতকরা ২০ভাগের মতো ছাত্রছাত্রী আজও বিনামূল্যের বই পায়নি।